বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205.
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪৪

তারিখ: ২৩/০৬/২০২৫ খ্রি:

# দপ্তরাদেশ

মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনার আলোকে রাজশাহী জেলার চারঘাট উপজেলায় ২০১৮ সালের সম্পাদিত সমীক্ষা রিভিউপূর্বক চারঘাট ৩ ভেন্ট রেগুলেটর, আটঘরিয়া ৫ ভেন্ট রেগুলেটর এবং পুরাতন মরা বড়াল ১ ভেন্ট রেগুলেটর অপসারণ ও বড়াল নদীর উৎসমূখ হতে আটঘরিয়া পর্যন্ত ৪৮.৫০ কি.মি. দৈর্ঘ্যে পুনঃখনন এবং মরা বড়াল নদীর আটঘরিয়া হতে পরবর্তী ১৮.০০ কি.মি. অংশ পুনঃখনন কাজ অন্তর্ভুক্ত করে ডিপিপি প্রণয়ন করার জন্য বহিঃসদস্যসহ নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ মির্জা আসিফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ রিফাত করিম, নির্বাহী প্রকৌশলী, নাটোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নাটোর। | সদস্য |
| ৫। | জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | জনাব মোঃ আরিফুর রহমান অঙ্কুর, নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী। | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপণ তথা উদ্যোগ গ্রহণ করবে;

খ) রাজশাহী জেলার চারঘাট উপজেলায় IWM কর্তৃক ২০১৮ তে সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষায় সুপারিশসমূহ সাম্প্রতিক তথ্য-উপাত্তের ভিত্তিতে রিভিউ করতঃ চারঘাট ৩ ভেন্ট রেগুলেটর, আটঘরিয়া ৫ ভেন্ট রেগুলেটর এবং পুরাতন মরা বড়াল ১ ভেন্ট রেগুলেটর অপসারণ ও বড়াল নদীর উৎসমুখ হতে আটঘরিয়া পর্যন্ত ৪৮.৫০ কিঃমিঃ দৈর্ঘ্যে পুনঃখনন এবং মরা বড়াল নদীর আটঘরিয়া হতে পরবর্তী ১৮.০০ কিঃমিঃ অংশ পুনঃখনন কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবে;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব বিবেচনায় নিয়ে সাম্প্রতিক তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবে;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ বাস্তবায়িত হবে তা প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবে;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে (প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ করত:) প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান করবে।

চ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবে।

৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং- চীফ প্লানিং/১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রি. মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করবে।

৪। কমিটি পরবর্তী ২১(একুশ) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৩/০৬/২০২৫ খ্রি

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪৪ তারিখ: ২৩/০৬/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ মির্জা আসিফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
৩। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ রিফাত করিম, নির্বাহী প্রকৌশলী, নাটোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নাটোর।
৫। জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৮। জনাব মোঃ আরিফুর রহমান অঙ্কুর, নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর/ রাজশাহী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঢাকা/ রাজশাহী।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।

20/06/2025 খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ.দা.)